

# যুগান্তর

প্রিন্ট: ০৩ সেপ্টেম্বর ২০২৫, ০১:৩৩ পিএম

শিক্ষাঙ্গন

## মাদ্রাসার পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষার মানবন্টন ও নমুনা প্রকাশ



যুগান্তর ডেস্ক

প্রকাশ: ০৩ সেপ্টেম্বর ২০২৫, ০১:২৭ এএম



দেশের ইবতেদায়ি মাদ্রাসাগুলোতে এই বছর পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত চূড়ান্ত করেছে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। এই লক্ষ্যে ইতোমধ্যে পরীক্ষার মানবন্টন ও নমুনা প্রশ্ন প্রকাশ করা হয়েছে।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এসব নমুনা প্রশ্ন প্রকাশ করা হয়েছে।

২০২৫ সালের ইবতেদায়ি বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২১, ২২, ২৩, ২৪ ও ২৮ ডিসেম্বর।

পরীক্ষাগুলো হবে পাঁচটি বিষয়ে—কুরআন মাজিদ ও তাজভিদ এবং আকাঈদ ও ফিকহ, আরবি (প্রথম ও দ্বিতীয় পত্র), বাংলা, ইংরেজি এবং গণিত ও বিজ্ঞান। প্রতিটি বিষয়ের জন্য থাকবে ১০০ নম্বর। সব মিলিয়ে মোট নম্বর হবে ৫০০।

তবে এই পরীক্ষায় অংশ নিতে পারবে শুধু মাদ্রাসা শিক্ষা বোর্ডের কোডভুক্ত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা ও সংযুক্ত ইবতেদায়ি শাখার শিক্ষার্থীরা।

একটি মাদ্রাসার পঞ্চম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে সর্বোচ্চ ৪০ শতাংশ পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পাবে।